

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

তথ্য অধিদফতর



আঞ্চলিক তথ্য অফিস, ময়মনসিংহ



সংবাদকক্ষ : ০২-৯৯৬৬৬১৩৭০ E-mail- pidmymensingh@gmail.com, Facebook: Pid Mymensingh

সংবাদ গতিধারা

স্থানীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার
সংখ্যা-১১৫/২০২২-২০২৩
ময়মনসিংহ, ১৪ মার্চ, মঙ্গলবার ২০২৩, ২৯ ফাল্গুন ১৪২৯

আজকের স্থানীয় দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে:

- ০১। অপ্রয়োজনীয় টেস্ট দিয়ে রোগী হয়রানি করবেন না: রাষ্ট্রপতি
- ০২। রমজানে ডিসিদের কঠোরভাবে বাজার তদারকির নির্দেশ
- ০৩। ১৭ মার্চ ওড়াতে হবে জাতীয় পতাকা, প্রজ্ঞাপন জারি
- ০৪। রমজানে অফিস সকাল ৯টা থেকে বেলা সাড়ে ৩টা পর্যন্ত
- ০৫। বাকৃবিতে মহান স্বাধীনতা দিবসের আলোচনা সভা ও বীর মুক্তিযোদ্ধাদের সংবর্ধনা অনুষ্ঠিত
- ০৬। জাতীয় বিশ্ববিদ্যালয়ে প্রথম বর্ষে ভর্তি আবেদন ৫ এপ্রিল শুরু

০১। অপ্রয়োজনীয় টেস্ট দিয়ে রোগী হয়রানি করবেন না: রাষ্ট্রপতি

রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ অপ্রয়োজনীয় বড়ো বড়ো টেস্ট দিয়ে রোগীদের হয়রানি না করতে ডাক্তারদের প্রতি আহ্বান জানিয়েছেন। সোমবার (১৩ মার্চ) বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের (বিএসএমএমইউ) বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব কনভেনশন হলে বিশ্ববিদ্যালয়ের চতুর্থ সমাবর্তন অনুষ্ঠানে তিনি এ আহ্বান জানান। সূত্র: দৈনিক স্বদেশ সংবাদ, দৈনিক ময়মনসিংহ প্রতিদিন, দৈনিক নিউ টাইমস, দৈনিক সকালের দুনিয়া ও দৈনিক কিশোরের দেশ।

০২। রমজানে ডিসিদের কঠোরভাবে বাজার তদারকির নির্দেশ

আগামী রমজানে জেলা প্রশাসকদের (ডিসি) কঠোরভাবে বাজার তদারকির নির্দেশ দেয়া হয়েছে বলে জানিয়েছেন মন্ত্রিপরিষদ সচিব মো. মাহবুব হোসেন। সোমবার (১৩ মার্চ) সচিবালয়ে মন্ত্রিসভা বৈঠক শেষে ব্রিফিংয়ে এ কথা জানান তিনি। এর আগে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে তঁর কার্যালয়ে মন্ত্রিসভার বৈঠক অনুষ্ঠিত হয়। সূত্র: দৈনিক স্বদেশ সংবাদ, দৈনিক ময়মনসিংহ প্রতিদিন, দৈনিক দিনের পালা, দৈনিক আজকের খবর ও দৈনিক হৃদয়ের বাংলা।

০৩। ১৭ মার্চ ওড়াতে হবে জাতীয় পতাকা, প্রজ্ঞাপন জারি

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মদিন ও জাতীয় শিশু দিবস উপলক্ষ্যে ১৭ মার্চ (শুক্রবার) সরকারি-বেসরকারি অফিস ও ভবনে জাতীয় পতাকা ওড়াতে হবে। রবিবার (১২ মার্চ) মন্ত্রিপরিষদ বিভাগ থেকে এ বিষয়ে মন্ত্রিপরিষদ সচিব মো. মাহবুব হোসেন স্বাক্ষরিত এক প্রজ্ঞাপন জারি করা হয়েছে। সূত্র: দৈনিক ময়মনসিংহ প্রতিদিন, দৈনিক নিউ টাইমস, দৈনিক দিনের পালা, দৈনিক আজকের খবর, দৈনিক কৃষাণের দেশ, দৈনিক হৃদয়ের বাংলা।

০৪। রমজানে অফিস সকাল ৯টা থেকে বেলা সাড়ে ৩টা পর্যন্ত

পবিত্র রমজানে সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত ও আধা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে অফিস চলবে সকাল ৯টা থেকে বেলা সাড়ে ৩ টা পর্যন্ত। আর জোহরের নামাজের জন্য বেলা সোয়া একটা থেকে দেড়টা পর্যন্ত বিরতি থাকবে। সোমবার (১৩ মার্চ) মন্ত্রিসভার বৈঠকে এ সময়সূচি নির্ধারণ করা হয়। প্রধানমন্ত্রীর কার্যালয়ে অনুষ্ঠিত এ বৈঠকে সভাপতিত্ব করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সূত্র: দৈনিক স্বজন, দৈনিক ময়মনসিংহ প্রতিদিন, দৈনিক দিনের পালা, দৈনিক হৃদয়ের বাংলা।

০৫। বাকৃবিতে মহান স্বাধীনতা দিবসের আলোচনা সভা ও বীর মুক্তিযোদ্ধাদের সংবর্ধনা অনুষ্ঠিত

মহান স্বাধীনতা দিবস-২০২৩ উপলক্ষ্যে বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় (বাকৃবি) এর জাতীয় দিবস উদ্‌যাপন কমিটির আয়োজনে সোমবার (১৩ মার্চ) বিশ্ববিদ্যালয়ের শিল্পাচার্য জয়নুল আবেদিন মিলনায়তনে এক আলোচনা সভা ও বিশ্ববিদ্যালয়ের অবসরপ্রাপ্ত বীর মুক্তিযোদ্ধা, শহীদ মুক্তিযোদ্ধা পরিবারবর্গ এবং স্বাধীন বাংলা বেতার কেন্দ্রের বীর মুক্তিযোদ্ধা শব্দসৈনিকবৃন্দের সংবর্ধনা অনুষ্ঠিত হয়েছে। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ সরকারি কর্মকমিশনের চেয়ারম্যান মো. সোহরাব হোসাইন। সূত্র: দৈনিক স্বদেশ সংবাদ।

০৬। জাতীয় বিশ্ববিদ্যালয়ে প্রথম বর্ষে ভর্তি আবেদন ৫ এপ্রিল শুরু

জাতীয় বিশ্ববিদ্যালয়ের প্রথম বর্ষে আবেদন ৫ এপ্রিল শুরু হচ্ছে। সোমবার (১৩ মার্চ) জাতীয় বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ দফতর এক প্রেস বিজ্ঞপ্তির মাধ্যমে এ তথ্য জানান। রবিবার (১২ মার্চ) গাজীপুর বিশ্ববিদ্যালয়ের মূল ক্যাম্পাসের উপাচার্যের দফতরের কনফারেন্স হলে স্নাতক (সম্মান) প্রফেশনাল ভর্তি কমিটির সভায় এ সিদ্ধান্ত নেয়া হয়। সভায় সভাপতিত্ব করেন উপাচার্য অধ্যাপক ড. মো. মশিউর রহমান। সূত্র: দৈনিক ময়মনসিংহ প্রতিদিন ও দৈনিক দিনের পালা।

সম্পাদকীয়

- (ক) **দৈনিক স্বদেশ সংবাদ:** স্বাস্থ্য সুরক্ষায় চিকিৎসা ব্যবস্থার মানোন্নয়ন অত্যাবশ্যকীয়। দেশে মানবিক সেবাদান বাড়ানোর বিষয়ে সরকারের সুনজর দেয়া জরুরি।
- (খ) **দৈনিক স্বজন:** রাজধানীতে কিউলেক্স মশার উৎপাতে অতিষ্ঠ নগরবাসী। মশা নিয়ন্ত্রণে সিটি কর্পোরেশনগুলোর তৎপরতা তেমন দেখা যাচ্ছে না। মশা নিধনের মতো জরুরি কাজে নিয়োজিত কর্তৃপক্ষ যথাযথভাবে দায়িত্ব পালন করছে কিনা এ বিষয়ে উর্ধ্বতন কর্তৃপক্ষেরও দৃষ্টি দেয়া আবশ্যিক।
- (গ) **দৈনিক ব্রহ্মপুত্র এক্সপ্রেস:** দেশের বনভূমিগুলোতে বন্যপ্রাণী হত্যা ও পাচার বাড়ছে। পাচার রোধে যাদের ব্যবস্থা নেয়ার কথা তাদের কারো কারো সঙ্গে পাচারকারীদের সখ্য আছে বলে অভিযোগ পাওয়া যায়। তাই বন্যপ্রাণী সংরক্ষণ ও বন্যপ্রাণী পাচার চক্রকে ধ্বংস করতে কর্তৃপক্ষকে কার্যকরী পদক্ষেপ গ্রহণ করতে হবে।
- (ঘ) **দৈনিক নিউ টাইমস, দৈনিক সকালের দুনিয়া ও দৈনিক কিষাণের দেশ:** সম্প্রতি সীতাকুন্ডের অক্সিজেন প্ল্যান্টে ভয়াবহ বিস্ফোরণের রেশ কাটতে না কাটতেই রাজধানীর সায়েম্পল্যাব এলাকায় তিনতলা ভবনে বিস্ফোরণের ঘটনা ঘটে। জমে থাকা গ্যাস থেকে মূলত দুর্ঘটনা ঘটেছে বলে ধারণা করা হচ্ছে। দেশে প্রায়ই এই ধরনের দুর্ঘটনা ঘটছে। তাই এ ব্যাপারে সরকার কার্যকর পরিকল্পনা গ্রহণ করবে, এটাই প্রত্যাশা।

প্রবন্ধ/নিবন্ধ

- ০১। গ্রামীণ অঞ্চলে ভূমি ব্যবহার পরিকল্পনার প্রয়োজনীয়তা- কবির উদ্দিন (দৈনিক স্বজন)
- ০২। নারী-পুরুষ বৈষম্য ও ডিজিটাল বিশ্ব- রোকেয়া কবির (দৈনিক নিউ টাইমস, দৈনিক সকালের দুনিয়া ও দৈনিক কিষাণের দেশ)
- ০৩। আর্থিক খাতে স্বচ্ছতা ও জবাবদিহির বিকল্প নেই- ড. সালেহ উদ্দিন আহমেদ (দৈনিক হৃদয়ের বাংলাদেশ)

#